দৈনিক সংবাদ

তারিখ 13 JAN 1991

পৃষ্ঠা ২ কলাম ৬

৩

## ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনের তফসিল ঘোষণা

ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩-এর আর্টিক্যাল ২০(১) (জ) এবং প্রথম সংবিধির সংশোধিত ৪৬ ধারা অনুযায়ী বিশ্ববিদ্যালয় সিনেটে

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে

(১ম পাতার পর)

রেজিস্টার্ড গ্রাজুয়েটদের ২৫ জন প্রতিনিধি নির্বাচনের কর্মসূচী ঘোষণা করা হয়েছে।

ঘোষণা অনুযায়ী আগামী ২৬শে জানুয়ারী বিকেল ৪টার মধ্যে একজন প্রার্থী হিসেবে মনোনীত ব্যক্তির সম্মতিসহ মনোনয়নপত্র রেজিস্ট্রারের নিকট পৌছাতে হবে। আগামী ৫ই ফেব্রুয়ারী বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে মনোনয়নপত্র বাছাই করা হবে। মনোনয়নপত্র প্রত্যাহার করার শেষ তারিখ হচ্ছে ৯ই ফেব্রুয়ারী। রেজিস্ট্রারের অফিসের নোটিশ বোর্ডে আগামী ১১ই ফেব্রুয়ারী, মনোনীত বৈধ প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে। নির্বাচনের তারিখ ও সময় আগামী ১২ই মার্চ, সকাল ১০টা থেকে অপরাহ্ণ ২ টা পর্যন্ত।